

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ এর কার্যালয়
এমআইএস এন্ড এস্টেটস সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ফোনঃ ৮৮৭৯৩৩২, ফ্যাক্স : ৮৮৭৯৩৭৫।
ই-মেইল : semis@rhd.gov.bd

স্মারক নং- ১২/১০(৩) MIS

তারিখঃ ১৫/১১/১৯


বিষয় : সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন ভূমি হতে অবৈধ স্থাপনা উচ্ছেদের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র : ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকার স্মারক নং-৪১১/এমএসডাব্লিউ তাং-
১৫/০৩/২০১৮ইং।
২। অত্র দপ্তরের স্মারক নং-২৫৮(৫) MIS, তারিখঃ ০৫/১১/২০১৮ইং।
৩। অত্র দপ্তরের স্মারক নং-২৭৪/৬(৩) MIS, তারিখঃ ০৩/১২/২০১৮ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন ভূমি হতে অবৈধ স্থাপনা উচ্ছেদের তথ্যাদি প্রতি মাসে অত্র দপ্তরে প্রেরণ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সূত্রায়িত স্মারকের মাধ্যমে বার বার তাগিদ দেওয়া সত্ত্বেও তাঁর দপ্তর হতে উল্লেখিত মাসিক অগ্রগতির রিপোর্ট সঠিকভাবে পাওয়া যাচ্ছে না। তাঁর অধীনস্থ এস্টেটস ও আইন কর্মকর্তার মাধ্যমে অবৈধ স্থাপনা উচ্ছেদের তথ্য অত্র দপ্তরে প্রেরণ করা হয়না। ফলে পরিপূর্ণ রিপোর্ট অত্র দপ্তর হতে মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে মন্ত্রণালয়ের বিশেষ তাগিদ রয়েছে বিধায় এতদসংক্রান্ত চাহিত তথ্যাদি নির্ধারিত ছকে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করা অতি জরুরী।

এমতাবস্থায়, তাঁর জোনের অধীনস্থ এস্টেটস ও আইন কর্মকর্তার মাধ্যমে উচ্ছেদকৃত তথ্য ও সকল সড়ক বিভাগের অবৈধ দখলকৃত ভূমি ও স্থাপনা উচ্ছেদের সঠিক তথ্যাদি একত্রিত করে নির্ধারিত ছকে পূরণ করতঃ প্রতি মাসের ২৫ (পঁচিশ) তারিখের মধ্যে জোন ওয়াইজ অত্র দপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ নির্ধারিত ছক ০১(এক) খানা।


(রোশনি-এ-ফাতিমা)

পরিচিতি নং-০০০৩৯০

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
এমআইএস এন্ড এস্টেটস সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বরাবর,

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ,

ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/রাজশাহী/গোপালগঞ্জ ও ময়মনসিংহ জোন

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, ল্যান্ড রেকর্ড এন্ড একুইজিশন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

